

যৌথ উদ্যোগে ২ মিলিয়ন টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন স্টিল প্ল্যান্ট নির্মাণ করবে বাংলাদেশের স্টার কনসোর্টিয়াম এবং চীনের কেআইএসসি

ঢাকা (18 মে, ২০১৭):

যৌথ উদ্যোগে বাৎসরিক ২ মিলিয়ন টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন স্টিল প্ল্যান্ট নির্মাণ করবে বাংলাদেশের স্টার ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম লিমিটেড (স্টার কনসোর্টিয়াম) এবং চীনের কুনমিং আয়রন এন্ড স্টিল হোল্ডিং কোম্পানি লিমিটেড (কেআইএসসি)। বাংলাদেশ স্টিল রিরোলিং মিলস্ লিমিটেড (বিএসআরএম) এ মেগা প্রকল্প বাস্তবায়নে স্টার কনসোর্টিয়ামের পক্ষে মুখ্য ভূমিকা পালন করবে। উল্লেখ্যঃ প্রকল্পটি বাস্তবায়িত হলে এটি হবে দেশের বৃহত্তম স্টিল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট।


চীনের কুনমিং আয়রন এন্ড স্টিল হোল্ডিং কোম্পানি লিমিটেড এর চেয়ারম্যান জনাব ঝাও ইয়ংপিং (Zhao Yongping) এর নেতৃত্বে কেআইএসসি, স্টার কনসোর্টিয়াম ও বিএসআরএম এর একটি প্রতিনিধিদল আজ সকালে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)'র বোর্ডরুমে বিডা'র নির্বাহী চেয়ারম্যান জনাব কাজী এম. আমিনুল ইসলামের সাথে এ সংক্রান্ত এক বৈঠকে প্রকল্পটি বাস্তবায়নে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)'র সার্বিক সহযোগিতা কামনা করেন।

মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে “Sino-Bangladesh International Industrial Capacity Cooperation Demonstrative Zone” নামে একটি বহুমাত্রিক সমন্বিত শিল্প পার্ক প্রতিষ্ঠার অংশ হিসেবে এ স্টিল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্টটি নির্মাণ করা হবে। তাছাড়া কুনমিংভিত্তিক চীনা প্রতিষ্ঠানটি সমন্বিত স্টিল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্টসহ অন্যান্য সহায়ক শিল্পের কাঁচামাল হ্যান্ডলিংয়ের সুবিধার্থে প্রকল্পের সন্নিকটে সন্দ্বীপ চ্যানেলে একটি প্রাইভেট জেটি এবং প্রকল্পের বিদ্যুৎ চাহিদা মেটাতে প্রকল্প সংলগ্ন এলাকায় ১৬৮ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি কয়লাভিত্তিক পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করবে। বৃহৎ এ প্রকল্প বাস্তবায়িত হলে উক্ত অর্থনৈতিক জোনে সহায়ক শিল্প যথা: সিমেন্ট তৈরি, ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারিং, স্টিল স্ট্রাকচার ম্যানুফ্যাকচারিং, লজিস্টিকস্, বাণিজ্যিক সেবা প্রভৃতি খাতের বিকাশ ঘটবে।

বিডা'র নির্বাহী চেয়ারম্যান বলেন, জাতীয় গুরুত্বপূর্ণ এ ফার্স্ট ট্র্যাক প্রকল্পটি বাস্তবায়নে বিডা'র পক্ষ থেকে সর্বাঙ্গিক সব ধরনের সহযোগিতা প্রদান করা হবে। প্রকল্পটি বাস্তবায়নে প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ, বাণিজ্য, বিদ্যুৎ, সড়ক পরিবহন ও সেতু, নৌপরিবহন, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ ব্যাংকসহ সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের প্রতিনিধিদের সমন্বয়ে দ্রুততম সময়ের মধ্যে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করা হবে।

সভায় সমন্বিত স্টিল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট প্রকল্প সংক্রান্ত পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন চীনের Yunan Yongle Overseas Investment Co. Ltd. এর চেয়ারম্যান জনাব উ ইউনকুন (Wu Yunkun)।

বৈঠকে বিডা'র পক্ষে সচিব জনাব অজিত কুমার পাল, পরিচালক জনাব তৌহিদুর রহমান খান, স্টার কনসোর্টিয়ামের পক্ষে চেয়ারম্যান ও ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রেসিডেন্ট জনাব আবদুল মাতলুব আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক জনাব আশরাফুল হক চৌধুরী, কেআইএসসি'র ভাইস চেয়ারম্যান জনাব ঝাং জুমিং (Zhang Zhuming), ভাইস জেনারেল ম্যানেজার সান জিয়াওয়ুয়ি (Sun Xiaoyue) সহ অন্যান্য প্রতিনিধিবৃন্দ এবং বিএসআরএম'র পক্ষে চেয়ারম্যান আলী হোসেন আকবর আলী প্রমুখ উপস্থিত ছিলেন।



(ফয়সল হাসান)

সিনিয়র তথ্য অফিসার

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়।